

নং- ৪৬.০৪১.০৩০.০১.০০.০০১.২০১৮-১৩

তারিখঃ ০৮ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

পরিপত্র


বিষয়ঃ সরকারি হাট-বাজারসমূহের ইজারা প্রদানের লক্ষ্যে সরকারি মূল্য পুনঃনির্ধারণ।

সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং তা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর ২.৩ নং অনুচ্ছেদ মোতাবেক বিগত ৩ বছরের ইজারা মূল্যের গড় মূল্য সরকারি মূল্য হিসেবে নির্ধারিত ছিল।

০২। স্থানীয় সরকার বিভাগ হতে জারিকৃত ১ মার্চ ২০১৬ তারিখের ৪৬.০৪১.০৩০.১৯.০০.০১৯.২০১০ (অংশ-১)-৮৮ নং পরিপত্রের মাধ্যমে বিগত ৩ বছরের ইজারা মূল্যের গড়ের সাথে পৌর এলাকার ক্ষেত্রে অতিরিক্ত ২৫% এবং পৌর এলাকার বাইরের ক্ষেত্রে ১০% বৃদ্ধি করে হাট-বাজারের সরকারি মূল্য নির্ধারণ করা হয়। যা এতদ্বারা বাতিল করা হলো।

০৩। এ প্রেক্ষিতে, বিগত ৩ (তিন) বছরের ইজারা মূল্যের গড়ের সাথে অতিরিক্ত ৬% বৃদ্ধি করে হাট-বাজারের সরকারি মূল্য নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ পরিপত্রটি অবিলম্বে কার্যকর হবে।


মুহাম্মদ ইকবাল হুসাইন
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৭৬
ই-মেইল: lgadmin2@lgd.gov.bd

বিতরণঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)


- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন।
- ২। জেলা প্রশাসক,।
- ৩। মেয়র/প্রশাসক, পৌরসভা জেলা।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ জেলা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা জেলা।
- ৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ উপজেলা জেলা।

নং- ৪৬.০৪১.০৩০.০১.০০.০০১.২০১৮-১৩

তারিখঃ ০৮ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, বিভাগ/ মন্ত্রণালয়।
- ৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব, বিভাগ/ মন্ত্রণালয়।
- ৪। বিভাগীয় কমিশনার, বিভাগ।
- ৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার জেলা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


মুহাম্মদ ইকবাল হুসাইন
উপসচিব